

■ সুনান আত তিরমিজী (তাহকীকৃত)

হাদিস নাম্বারঃ ৬১৬

৪/ কিতাবুল জুমু'আ (জুমু'আর নামায) (كتاب الجمعة عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ ৮২. একই বিষয়

বাব মِنْهُ

আরবী

حَدَّثَنَا مُوسَى بْنُ عَبْدِ الرَّحْمَنِ الْكِنْدِيُّ الْكُوفِيُّ، حَدَّثَنَا زَيْدُ بْنُ الْحُبَابِ، أَخْبَرَنَا مُعاوِيَةُ
بْنُ صَالِحٍ، حَدَّثَنِي سُلَيْمَ بْنُ عَامِرٍ، قَالَ سَمِعْتُ أَبَا أُمَّامَةَ، يَقُولُ سَمِعْتُ رَسُولَ اللَّهِ
صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَخْطُبُ فِي حَجَّةِ الْوَدَاعِ فَقَالَ "اَتَّقُوا اللَّهَ رَبَّكُمْ وَصَلُّوا خَمْسَكُمْ
وَصُومُوا شَهْرَكُمْ وَأَدُوا زَكَّةَ أَمْوَالِكُمْ وَأَطِيعُوا ذَا أَمْرِكُمْ تَدْخُلُوا جَنَّةَ رَبِّكُمْ". قَالَ
فَقُلْتُ لِأَبِي أُمَّامَةَ مُنْذُ كَمْ سَمِعْتَ مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ هَذَا الْحَدِيثَ قَالَ
سَمِعْتُهُ وَأَنَا أَبْنُ ثَلَاثِينَ سَنَةً . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ .

বাংলা

৬১৬। আবু উমামা (রাঃ) বলেনঃ আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বিদায় হাজের ভাষণে বলতে
শুনেছি, তিনি বলেছেনঃ তোমাদের প্রতিপালক আল্লাহ তা'আলাকে ভয় কর, তোমাদের পাঁচ ওয়াক্ত নামায আদায়
কর। তোমাদের রামায়ান মাসের রোয়া রাখ, তোমাদের ধন-দৌলতের যাকাত আদায় কর এবং তোমাদের
আমীরের অনুসরণ কর, তবেই তোমাদের রবের জাগ্রাতে প্রবেশ করতে পারবে। আমি (সুলাইম) আবু উমামা
(রাঃ)-কে প্রশ্ন করলাম, আপনি কতদিন পূর্বে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট এ হাদীস
শুনেছেন? তিনি বলেনঃ আমি তিরিশ বছর বয়সে তার নিকট এ হাদীস শুনেছি। —সহীহ। আস-সহীহাহ—
(৮৬৭)।

আবু উমামা বলেনঃ হাদীসটি হাসান সহীহ।

English

Sulaim bin Amir narrated:

"I heard Abu Umamah saying: I heard the Messenger of Allah giving a Khutbah during the Farewell Hajj, and he said: 'Have Taqwa of your Lord,

and pray your five (prayers), and fast your month, and pay the Zakat on your wealth, and obey those who are in charge of you, you will enter the Paradise of your Lord.'" He said: "I said to Abu Umamah: 'How old were you when you heard this Hadith (from the Messenger of Allah)?' He said: 'I heard it when I was thirty years old.'"

হাদিসের শিক্ষা

* এই হাদিস হতে শিক্ষণীয় বিষয়:

- ১। পরকালে জান্নাত লাভের উপাদান হলো: আল্লাহকে ভক্তিসহকারে ভয় করে তাঁর সঠিক ভক্ত হওয়া, পাঁচ ওয়াক্তের ফরজ নামাজ প্রতিষ্ঠিত করা, রমাজান মাসের রোজা রাখা এবং মালের জাকাত প্রদান করা।
- ২। তাকওয়া বা আল্লাহকে ভক্তিসহকারে ভয় করে তাঁর সঠিক ভক্ত হওয়ার ভাবার্থ হলো এই যে, মহান আল্লাহর ভয়, ভালোবাসা এবং অতিশয় শ্রদ্ধাসহকারে তাঁর আনুগত্য করা এবং তাঁর অবাধ্যতা থেকে বিরত থাকা।
- ৩। মুসলিম জাতির নৃপতিগণ, শাসকগণ বা রাষ্ট্রের প্রধানগণ এবং ইসলাম ধর্মের ধর্মপরায়ণ বিদ্বানগণ এবং মুসলিম জাতির যে কোনো কাজের নেতৃত্বের আনুগত্য করা অপরিহার্য। তবে এই আনুগত্য প্রকৃত ইসলামের শিক্ষার যেন বিপরীত না হয়; কেননা সৃষ্টিকর্তা মহান আল্লাহর অবাধ্যতার ক্ষেত্রে কোনো ব্যক্তির আনুগত্য করা বৈধ নয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হসাইন আল-মাদানী □ বর্ণনাকারীঃ আবু উমামাহ বাহিলী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=39575>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন